



ইন্সটিটিউট অব মাইনিং, মিনারেলজি এন্ড মেটালার্জি (আইএমএমএম), বিসিএসআইআর, জয়পুরহাট
Institute of Mining, Mineralogy and Metallurgy (IMMM), BCSIR, Joypurhat

সূত্র নং: ৩৯.০২.৩৮৪৭.০৭৮.৩৬.২৯১.২৪.১১৭৮

তারিখ: ১১/১২/২০২৪

বিষয়: বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প-প্রযুক্তি মেলা-২০২৫ অংশগ্রহণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিজ্ঞান ও শিল্প-প্রযুক্তির বিকাশে বাংলাদেশের বিভিন্ন স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিজ্ঞান ক্লাব-এর ছাত্রছাত্রীদের জন্য ইন্সটিটিউট অব মাইনিং, মিনারেলজি এন্ড মেটালার্জি (আইএমএমএমএম), বিসিএসআইআর, জয়পুরহাট-এর ক্যাম্পাসে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক আগামী ১৬-১৮ জানুয়ারী ২০২৫ তারিখ পর্যন্ত ০৩(তিন) দিনব্যাপী বিজ্ঞান মেলার আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

অংশগ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠান ও বিজ্ঞান ক্লাব এর প্রতিযোগীদের নিম্ন মাধ্যমিক (ষষ্ঠ হতে অষ্টম শ্রেণি), মাধ্যমিক (নবম ও দশম শ্রেণি) এবং উচ্চ মাধ্যমিক (একাদশ ও দ্বাদশ শ্রেণি) ০৩(তিন)টি ভাগে ভাগ করা হয়েছে। প্রতিটি বিভাগে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের জন্য থাকবে আকর্ষণীয় পুরস্কার, ক্রেস্ট ও সার্টিফিকেট। এছাড়াও অংশগ্রহণকারী সকল শিক্ষার্থীদের সার্টিফিকেট প্রদান করা হবে।

বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প-প্রযুক্তি মেলা-২০২৫ আয়োজনে আপনার প্রতিষ্ঠান কর্তৃক মানসম্পন্ন বিজ্ঞান ও শিল্প-প্রযুক্তি বিষয়ক গবেষণা প্রকল্প (শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, প্রকল্পের নাম ও উদ্দেশ্য, আবেদনকারীর তথ্য) আগামী ০৯ জানুয়ারী ২০২৫ তারিখের মধ্যে যোগাযোগের সম্পূর্ণ ঠিকানা, ফোন/মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) উল্লেখ করে নিম্ন ঠিকানায় নাম অন্তর্ভুক্ত করতে অনুরোধ করা যাচ্ছে। মেলায় অংশগ্রহণের নিমিত্তে নির্বাচিত প্রকল্পসমূহের তালিকা ১৩ জানুয়ারী ২০২৫ তারিখে ইন্সটিটিউটের প্রশাসনিক কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

উল্লেখ্য যে, immm.bcsir.gov.bd ওয়েব পোর্টাল হতে বিজ্ঞান ও শিল্প-প্রযুক্তি মেলা-২০২৫ আবেদন ফরম ডাউনলোড করা যাবে। এছাড়াও বর্ণিত ওয়েবসাইটে অন-লাইনে আবেদন করা যাবে, তবে এক্ষেত্রে আবশ্যিকভাবে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র আপলোড করতে হবে এবং প্রত্যয়নপত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মোবাইল ও টেলিফোন নম্বর উল্লেখ থাকতে হবে। বিজ্ঞান ক্লাবের ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকার কাউন্সিলর বা মেয়র কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে এবং প্রত্যয়নপত্রে সংশ্লিষ্ট কাউন্সিলর বা মেয়রের মোবাইল ও টেলিফোন নম্বর উল্লেখ থাকতে হবে।

বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প-প্রযুক্তি মেলা-২০২৫ –এ আপনার প্রতিষ্ঠান কর্তৃক অংশ গ্রহণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

আপনার বিশ্বস্ত

Musleh
11/12/24
নাম: জন লিটন মুন্সি
পদ নামঃ পরিচালক (অতিঃ দায়িত্ব)
ফোন : ০২৫৮৮৮৭৭৪২৫
ফ্যাক্স : ০২৫৮৮৮৭৭৪২৬
ই-মেইল: dir-immm@bcsir.gov.bd



ইন্সটিটিউট অব মাইনিং, মিনারেলজি এন্ড মেটালার্জি (আইএমএমএম), বিসিএসআইআর, জয়পুরহাট
Institute of Mining, Mineralogy and Metallurgy (IMMM), BCSIR, Joypurhat

বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প-প্রযুক্তি মেলা-২০২৫

১। শিক্ষা প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাবের নাম ও ঠিকানা:

২। প্রকল্পের নাম:

৩। প্রকল্পের উদ্দেশ্য:

৪। আবেদনকারীর তথ্য:

ক্র: নং	নাম	শ্রেণি	বয়স	ফোন/মোবাইল নং
১।	বাংলা: ইংরেজি:			
২।	বাংলা: ইংরেজি:			

* প্রতি প্রকল্পে সর্বোচ্চ ০২ (দুই) জন অংশগ্রহণ করতে পারবে।

অধ্যক্ষ / প্রধান শিক্ষক / ক্লাব প্রধানের

স্বাক্ষর:

নাম:

সীল:

ফোন: